

শেখ হাসিনার দিনবদলে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজসেবা এগিয়ে চলে।

সমাজসেবা অধিদফতর

সমাজসেবা ভবন

স্বৈচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা নিবন্ধন ও নিয়ন্ত্রণ শাখা

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা

www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৬.২৮.০৯৫.১৯.৭৬৮

তারিখ: ৭ আশ্বিন ১৪২৬

২২ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: “পাথওয়ে” সংস্থার কার্যকরী পরিষদ অনুমোদন।

সূত্র: হাজী মো: জামাল মোস্তফা, চেয়ারম্যান, পাথওয়ে হতে প্রাপ্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে “পাথওয়ে” বাড়ী নং-০১, রোড নং-০২, ব্লক বি, মেকশন-০৬, মিরপুর, ঢাকা-১২১৬ (নিবন্ধন নং-ঢ-০২৮৫১ তারিখ: ২১/১২/১৯৯২) সংস্থার আবেদনের সাথে দাখিলকৃত কাগজপত্র সন্তোষজনক হওয়ায় ০১/০৯/২০১৯ হতে ৩১/০৮/২০২১ সাল পর্যন্ত মোট ২ (দুই) বছর মেয়াদে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট কার্যকরী পরিষদ অনুমোদন প্রদান করা হলো।

ক্রমিকনং	নাম	পিতা/স্বামীর নাম	পদবী
০১	হাজী মো: জামাল মোস্তফা	পিতা-মৃত মমিন মিয়া	চেয়ারম্যান
০২	মোঃ আলী হোসেন	পিতা-মো: আমজাদ আলী	ভাইস চেয়ারম্যান
০৩	মো: শাহীন	পিতা- সফি	নির্বাহী পরিচালক
০৪	এম আতাউর রহমান রনি	পিতা- মো: ইউসুফ মিয়া	কোষাধ্যক্ষ
০৫	এম এ হান্নান	পিতা-মৃত: আ: বাড়ী মোল্লা	নির্বাহী সদস্য
০৬	ডা: মোসা: শিরিন আক্তার	পিতা- সফি	নির্বাহী সদস্য
০৭	ইমরাত হোসেন	পিতা- আব্দুল বারেক ফরাজী	নির্বাহী সদস্য

(১) ১৯৬১ সালের স্বৈচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) ৪৬ নং অধ্যাদেশ এবং আইনের অধীনে প্রণীত বিধি ও অনুমোদিত গঠনতন্ত্র মেনে চলতে হবে;

(২) নিয়মিত বার্ষিক প্রতিবেদন ও অডিট রিপোর্ট সংশ্লিষ্ট বিধির ৯ ও ১০ ধারামতে (সমাজসেবা অধিদফতরের সদর কার্যালয়সহ) নিবন্ধনকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে;

(৩) সম্প্রসারিত জেলাসমূহের কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্ট উপপরিচালকগণের প্রতিবেদন সংগ্রহপূর্বক সমাজসেবা অধিদফতরে দাখিল করতে হবে;

(৪) অনুমোদিত কার্যনির্বাহী কমিটির মেয়াদ উত্তীর্ণ হলে ও সংস্থার গঠনতন্ত্রের কোন সংশোধন বা পরিমার্জন হলে তা অনুমোদনের জন্য পরিচালক (কার্যক্রম) সমাজসেবা অধিদফতর, ঢাকা বরাবর আবেদন করতে হবে;

(৫) নিবন্ধন সনদপত্রে যে নামকরণ আছে তা ব্যতিত অন্য কোম ভাবে বা সংক্ষিপ্ত আকারে নাম ব্যবহার করা যাবে না। সংস্থার নামের সাথে অবশ্যই নিবন্ধন নম্বর ও তারিখ ব্যবহার করতে হবে এবং ঠিকানা পরিবর্তনের ০৭(সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তার মাধ্যমে সংশ্লিষ্ট উপপরিচালককে অবহিত করতে হবে;

(৬) ১৯৬১ সালের অধ্যাদেশ পরিপন্থী ক্ষুদ্রঋণ/সঞ্চয়ী কার্যক্রম পরিচালনাকরা যাবে না;

(৭) সংস্থার কার্যকরী কমিটি নির্বাচনে নিবন্ধন কর্তৃপক্ষের প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে;

(৮) সংস্থার কার্যকরী কমিটিতে একই পরিবারের রক্ত সম্পর্কিত দুই সদস্যের বেশি সদস্য অন্তর্ভুক্ত থাকতে পারবে না;

(৯) শর্তাদির যে কোন একটি ভংগ হলে এ অনুমোদন বাতিল বলে গণ্য হবে।

২২-৯-২০১৯

আব্দুল্লাহ আল মামুন
পরিচালক

সভাপতি/সাধারণ

“পাথওয়ে” বাড়ী নং-০১, রোড নং-০২, ব্লক বি,
মেকশন-০৬, মিরপুর, ঢাকা-১২১৬।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৬.২৮.০৯৫.১৯.৭৬৮/১(১৯)

তারিখ: ৭ আশ্বিন ১৪২৬
২২ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
- ২) বিভাগীয় পরিচালক (সকল), সমাজসেবা অধিদফতর
- ৩) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল)।
- ৪) উপপরিচালক, গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা, সমাজসেবা অধিদফতর, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ)।

২২-৯-২০১৯

স্বপন কুমার হালদার
উপপরিচালক